গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সহকারী প্রোগ্রামার,  জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কিশোরগঞ্জ

এবং

মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই, ২০১৯ - ৩০ জুন, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সহকারী প্রোগ্রামার, জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কিশোরগঞ্জ

এবং

মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই, ২০১৯ - ৩০ জুন, ২০২০

# সূচিপত্র


| | |
|---|---|
| উপক্রমণিকা | ৩ |
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৪ |
| সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives), কার্যাবলি (Functions) | ৬ |
| সেকশন ২ : কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৭-১০ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) | ১২ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতির বিবরণ | ১৩-১৪ |

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, কিশোরগঞ্জ

এবং

মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর মধ্যে ২০১৯ সালের জুন মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, কিশোরগঞ্জ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Department of ICT, District office, Kishoreganj)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, কিশোরগঞ্জ এর সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জন:**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ (রুপকল্প-২০২১) এর মূল উদ্দেশ্য ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে তথ্য প্রযুক্তি খাতের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে অবকাঠামো উন্নয়ন, দক্ষ মানব সম্পদ গঠন, শোভন কাজ সৃজন এবং ই-সার্ভিস প্রতিষ্ঠার মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠার মাধ্যমে মধ্যম আয়ের দেশ হিসেবে গড়ে তোলা। সে লক্ষ্যে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার, মাঠ পর্যায়ে নেটওয়ার্ক কানেকটিভিটি সম্প্রসারণ ও প্রয়োগ নিশ্চিতকরণ, সমন্বয় সাধন ও টেকসই উন্নয়নের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের জেলা কার্যালয়, কিশোরগঞ্জ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। "সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন" শীর্ষক প্রকল্পের আওতায় স্থাপিত ০১টি ভাষা শিক্ষা ল্যাবসহ ৪৭টি শিক্ষা প্রতিষ্ঠানে মোট ৪৭টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব (কম্পিউটার ল্যাব) স্থাপনের পর ২০১৬-১৭ অর্থবছরে ১১টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন এবং ০১টি প্রাথমিক বিদ্যালয়ে ০১টি শেখ রাসেল ডিজিটাল ক্লাশরুম, ২০১৭-১৮ অর্থবছরে ২০টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন এবং ২২ টি প্রাথমিক বিদ্যালয়ে শেখ রাসেল ডিজিটাল ক্লাশরুম স্থাপন করা হয়েছে। দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা আনয়নে ২০১৬-২০১৭ অর্থবছরে ১২ ব্যাচে ৩০০ জন, ২০১৭-২০১৮ অর্থবছরে ০৪ ব্যাচে ১০০ জন, ২০১৮-২০১৯ অর্থবছরে ০৪ ব্যাচে ১৫০জন জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণকে দুই দিনব্যাপি ই-নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। জেলা ও উপজেলা পর্যায়ের সরকারি দপ্তর এবং সকল ইউনিয়ন পরিষদের (১০৮টি) তথ্যসমূহ সর্বসাধারণে জন্য উন্মুক্তকরণে জাতীয় তথ্য বাতায়নের উপর ২০১৭-২০১৮ অর্থবছরে ০৪টি ব্যাচে ১০৮ জন ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা এবং ২০১৮-২০১৯ অর্থবছরে ০৫টি ব্যাচে ১২০জন জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণকে দুই দিনব্যাপি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ জেলায় বরাদ্দকৃত শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ৫৯টি ল্যাবের ১৭৭ জন শিক্ষককে (প্রতিটি ল্যাবের ০৩জন করে) বেসিক কম্পিউটার, হার্ডওয়্যার, ইন্টারনেট ও ল্যাব রক্ষণাবেক্ষণের জন্য ০৫ দিনব্যাপি প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। ২০১৮-২০১৯ অর্থবছরে কর্মসংস্থান সৃষ্টির জন্য ০১ ব্যাচে ২০ জন বেকার তরুণ-তরুণীকে ১৫ দিনব্যাপি ফ্রিল্যান্সিং বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯ অর্থবছরে জেলা পর্যায়ে অনুষ্ঠিত জাতীয় শিশু-কিশোর প্রোগ্রামিং প্রতিযোগিতা সফলভাবে আয়োজন করা হয়েছে। বর্তমান সরকারের নির্বাচনী ইশতিহারে বলা হয়েছে "গ্রাম হবে শহর" এই প্রতিপাদ্য সামনে নিয়ে কাজ করছে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের কিশোরগঞ্জ জেলার জেলা ও সকল উপজেলা কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীগণ।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

২০১৯-২০ অর্থ বছরের মধ্যে জেলা কার্যালয় ও জেলাস্থিত উপজেলাসমূহে অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো অনুযায়ী জনবল প্রাপ্তি। জেলা পর্যায়ে কর্মকর্তা/কর্মচারীদের আইসিটি/ই-সার্ভিস এর উপর প্রশিক্ষণ আয়োজেনের জন্য প্রয়োজনীয় বাজেট প্রাপ্তি এবং জেলা ও উপজেলা কার্যালয়ের নিজস্ব কম্পিউটার ল্যাব না থাকা। দক্ষ মানব সম্পদ উন্নয়নে শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহে পরিচালিত কম্পিউটার প্রশিক্ষণ সমাপান্তে কারিগরি শিক্ষা বোর্ড/সমাজসেবা/যুব উন্নয়ন/জাতীয় মহিলা সংস্থার মতো অনুমোদিত সার্টিফিকেট প্রদান না করতে পারা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

জেলা ও উপজেলা পর্যায়ে সকল সরকারি দপ্তর/প্রতিষ্ঠানে আইসিটির ব্যবহার ও প্রয়োগ নিশ্চিতকরণ ও সমন্বয় সাধনের মাধ্যমে ই-গভর্নেন্স বাস্তবায়ন। শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব কেন্দ্রিক গঠিত আইসিটি ক্লাব এর সদস্যদের আইসিটিতে সচেতনতা বৃদ্ধি ও প্রয়োজনীয় পরামর্শ সেবা প্রদান এবং ক্লাবের সদস্যদের আইসিটি বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের মাধ্যমে ফ্রীলান্সিং -এ উদ্বুদ্ধকরণ। এছাড়া শেখ রাসেল ডিজিটাল ল্যাব ব্যবহারে শিক্ষক/ছাত্রদেরকে উদ্বুদ্ধকরণ।

**২০১৯-২০ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- মুজিববর্ষ ২০২০; ডিজিটাল বাংলাদেশ বির্নিমানে আমাদের করণীয় শীর্ষক উপজেলা পর্যায়ে সেমিনারের আয়োজন।
- জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আইসিটি/ই-সার্ভিস এর উপর প্রশিক্ষণ প্রদান।
- জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সরকারী অফিসসমূহের তথ্য বাতায়ন হালগাদকরণে সহায়তা প্রদান।
- দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের ই-নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদান।
- জেলায় স্থাপিত সকল কম্পিউটার ল্যাবসমূহ সচল ও ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে পরিদর্শন ও তদারকী।
- জেলা ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত সকল ভিডিও কনফারেন্স পরিচালনায় সহায়তা কারিগরি সহায়তা প্রদান।
- শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদানের ক্ষেত্রে মাল্টিমিডিয়া ক্লাসরুম ব্যবহারের প্রচলন বৃদ্ধিতে প্রয়োজনীয় সহায়তা প্রদান ও ইতিবাচক প্রভাব আনয়ন।
- ভবিষ্যৎ প্রজন্মকে উৎসাহিতকরণে জাতীয় শিশু-কিশোর প্রোগ্রামিং প্রতিযোগিতায় সহযোগিতা প্রদান।
- জেলা ও উপজেলায় উন্নয়ন মেলা আয়োজন।
- জেলা ও উপজেলায় জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস উদ্‌যাপন।
- জেলা ও উপজেলা পর্যায় আইসিটি বিষয়ক সভা/সেমিনার/ওয়ার্কশপ আয়োজন।
- জেলা ও উপজেলা পর্যায় নেটওয়ার্ক কানেকটিভিটি তদারকি, ট্রাবলশুটিং এবং আইসিটি বিষয়ক পরামর্শ ও সাপোর্ট প্রদান।
- ডিজিটাল সেন্টারসমূহকে শক্তিশালী ও নতুন নতুন সেবা অন্তর্ভুক্তির মাধ্যমে আয় বর্ধনে সহায়তা প্রদান।
- আইনের শাসন প্রতিষ্ঠার লক্ষ্যে ই-মোবাইল কোর্ট বাস্তবায়নে সহায়তা প্রদান।
- জেলায় সরকারি ব্যবস্থাপনায় হজ্জে গমনেচ্ছুক হাজীদের অনলাইন রেজিস্ট্রেশন ও বিভিন্ন দিক নির্দেশনা প্রদান।

## সেকশন ১

## তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), ও জেলা কার্যালয়ের কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective) এবং কার্যাবলি (Functions)

### ১.১ রূপকল্প (Vision):

জ্ঞানভিত্তিক অর্থনীতি, সুশাসন প্রতিষ্ঠায় তথ্য প্রযুক্তির ব্যবহার।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

তথ্য প্রযুক্তি খাতের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে অবকাঠামো উন্নয়ন, দক্ষ মানব সম্পদ গঠন, শোভন কাজ সৃজন এবং ই-সার্ভিস প্রতিষ্ঠার মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১. ই-গভন্যান্স প্রতিষ্ঠা
২. আইসিটি ব্যবহারে সচেতনতা বৃদ্ধিকরণ
৩. মানব সম্পদ উন্নয়ন

### ১.৪ কার্যাবলী (Functions):

১. মাননীয় প্রধানমন্ত্রীসহ বিভিন্ন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/প্রধানমন্ত্রীর উপদেষ্টা/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী, কেবিনেট সচিব/মূখ্য সমন্বয়ক/সচিব/ডিজি, বিভাগীয় কমিশনারগণের সাথে অনুষ্ঠিত ভিডিও কনফারেন্স কারিগরি সহায়তা প্রদান।
২. সরকারের জেলা পর্যায়ে আইসিটি'র ব্যবহার ও প্রয়োগ নিশ্চিতকরণ ও সমন্বয় সাধন।
৩. জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তরে আইসিটি'র উপযুক্ত অবকাঠামো সৃষ্টিতে সহায়তা প্রদান, রক্ষণাবেক্ষণ এবং সাপোর্ট প্রদানে প্রধান কার্যালয়ের নির্দেশনা বাস্তবায়ন।
৪. জেলায় তথ্য প্রযুক্তির কারিগরী ও বিশেষায়িত জ্ঞান হস্তান্তর।
৫. তৃণমূল পর্যায় পর্যন্ত জনগণকে ইলেকট্রনিক পদ্ধতিতে সেবা প্রদান পদ্ধতি সম্পর্কে অবহিতকরণ এবং এ বিষয়ে তথ্য সংগ্রহ, বিতরণ ও গবেষণা কার্যক্রম পরিচালনা।
৬. মাঠ পর্যায়ে যন্ত্রপাতি ইত্যাদির চাহিদা, মান ও ইন্টারঅপারেবিলিটি নিশ্চিতকরণ/যাচাই বিষয়ে সহায়তা প্রদান।
৭. কম্পিউটার নেটওয়ার্ক, হার্ডওয়্যার ও সফটওয়্যারের স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন প্রণয়নের কাজে সহায়তা প্রদান।
৮. জেলা পর্যায়ে আধুনিক প্রযুক্তি আত্মীকরণে গবেষণা, উন্নয়ন ও সহায়তা প্রদান।

## সেকশন-২

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | প্রকৃত অর্জন ২০১৭-১৮ * | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ (Target/Criteria Value for FY 2019-20) অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতি মানের নিম্নে (Poor) ৬০% | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| লা কার্যালয়ের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ] ই-গভন্যান্স প্রতিষ্ঠা | ৪০ | [১.১] জেলার সরকারি দপ্তরে দক্ষতা, দ্রুত সিদ্ধান্ত ও ইলেকট্রনিক ব্যবস্থাপনা প্রবর্তনের লক্ষ্যে ই-নথি বিষয়ক প্রশিক্ষণ | [১.১.১] আয়োজিত প্রশিক্ষণে অংশগ্রহণকারী জেলা ও উপজেলার বিভিন্ন দপ্তর/সংস্থার কর্মকর্তা/ কর্মচারীগণ | সংখ্যা | ৮.০০ | ৫০ | ১৫০ | ১৭৫ | ১৭০ | ১৬০ | ১৫০ | ১২০ | ২০০ | ২২০ |
| | | [১.২] জেলার সরকারি দপ্তরের কর্মকর্তাদের / কর্মচারীদের ওয়েব পোর্টাল সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান | [১.২.১] আয়োজিত প্রশিক্ষণে অংশগ্রহণকারী জেলা ও উপজেলার বিভিন্ন দপ্তর/সংস্থার কর্মকর্তা/ কর্মচারীগণ | সংখ্যা | ৮.০০ | - | ১২০ | ১৫০ | ১৪০ | ১৩০ | ১২০ | ১০০ | ১৭০ | ১৮০ |
| | | [১.৩] জেলার সরকারি বিভিন্ন দপ্তরে আইসিটি বিষয়ক পরামর্শ প্রদান | [১.৩.১] জেলা ও উপজেলা কার্যালয়সমূহ হতে প্রদানকৃত সেবার সংখ্যা | সংখ্যা | ৮.০০ | ১০০ | ২০০ | ৩০০ | ২৭৫ | ২৫০ | ২২০ | ২০০ | ৩৫০ | ৩৮০ |
| | | [১.৪] শেখ রাসেল ডিজিটাল ল্যাব/অন্যান্য ডিজিটাল ই-সার্ভিস কার্যক্রম পরিদর্শন | [১.৪.১] শেখ রাসেল ডিজিটাল ল্যাব/অন্যান্য ডিজিটাল ই-সার্ভিস সেন্টার পরিদর্শনের সংখ্যা | সংখ্যা | ৬.০০ | ১৫ | ১০০ | ১২০ | ১১০ | ১০০ | ৯০ | ৮০ | ১৫০ | ১৭০ |
| | | [১.৫] জেলা ও উপজেলায় অনুষ্ঠিতব্য ভিডিও কনফারেন্স কারিগরি সহায়তা প্রদান | [১.৫.১] জেলায় অনুষ্ঠিতব্য ভিডিও কনফারেন্সের সংখ্যা | সংখ্যা | ৫.০০ | - | - | ৩০ | ২৫ | ২২ | ২০ | ১৫ | ৩৫ | ৪০ |
| | | [১.৬] উপজেলা কার্যালয় পরিদর্শন | [১.৬.১] উপজেলা কার্যালয় পরিদর্শনের সংখ্যা | সংখ্যা | ৫.০০ | - | - | ২৬ | ২৪ | ২২ | ২০ | ১৫ | ২৬ | ২৬ |

Abdu

| উদ্দেশ্য (Strategic Objectives) | উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ (Target/Criteria Value for FY 2019-20) | | | | | প্রক্ষেপণ (Projection) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ * | ২০১৮-১৯ | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) | ২০২০-২১ | ২০২১-২২ |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ] আইসিটি বহারে চেতনতা দ্ধিকরণ | ৩০ | [২.১] জনসাধারণকে আইসিটি ব্যবহারে সচেতন করার লক্ষ্যে জেলায় সভা/ সেমিনার/ ওয়ার্কশপ আয়োজন | [২.১.১] আয়োজিত সভা/ সেমিনার/ওয়ার্কশপ সংখ্যা | সংখ্যা | ৮.০০ | ১ | ২ | ২ | - | ১ | - | - | ২ | ২ |
| | | [২.২] ডিজিটাল বাংলাদেশ দিবস উদ্‌যাপন | [২.২.১] নির্ধারিত তারিখে ডিজিটাল বাংলাদেশ দিবস উদ্‌যাপন | তারিখ | ৮.০০ | - | ১২ ডিসেম্বর ২০১৮ | ১২ ডিসেম্বর ২০১৯ | ৩১ ডিসেম্বর ২০১৯ | ৩০ জানুয়ারী ২০২০ | - | - | ১২ ডিসেম্বর ২০২০ | ১২ ডিসেম্বর ২০২১ |
| | | [২.৩] উন্নয়ন মেলা আয়োজন | [২.৩.১] নির্ধারিত তারিখে উন্নয়ন মেলা আয়োজন | তারিখ | ৭.০০ | - | ৪-৬ অক্টোবর ২০১৮ | ৩১ জানুয়ারি ২০২০ | ২৮ ফেব্রুয়ারী ২০২০ | ৩১ মার্চ ২০২০ | ৩০ এপ্রিল ২০২০ | - | ৩১ জানুয়ারি ২০২১ | ৩১ জানুয়ারি ২০২২ |
| | | [২.৪] শেখ রাসেল ডিজিটাল ল্যাব ব্যবহারে শিক্ষক/ ছাত্রদেরকে উদ্বুদ্ধকরণ বিষয়ক সভা/সেমিনার | [২.৪.১] আয়োজিত সেমিনার/ওয়ার্কশপ সংখ্যা | সংখ্যা | ৭.০০ | ১ | ১ | ২ | - | ১ | - | - | ২ | ২ |
| ] মানব সম্পদ উন্নয়ন | ১০ | [৩.১] শেখ রাসেল ডিজিটাল ল্যাবে ICT বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | [৩.১.১]অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীর সংখ্যা | সংখ্যা | ৫.০০ | - | ৫০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৫০ | ১২০ | ১৫০ |
| | | [৩.২] বেকার তরুণ-তরুণীদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ | [৩.২.১] অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীর সংখ্যা | সংখ্যা | ৫.০০ | - | - | ২০ | ১৮ | ১৫ | ১২ | ১০ | ২৫ | ৩০ |

# আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৯-২০
## (মোট নম্বর ২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যর মান (Weight of Strategic Objective | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান ২০১৯-২০ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent ) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১]দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ৬ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | [১.১.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | | [১.১.৩] ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট দাখিল | তারিখ | ০.৫ | ২১ জুলাই, ২০১৯ | ২৫ জুলাই ২০১৯ | ৩১ জুলাই ২০১৯ | ০৫ আগস্ট ২০১৯ | ২০ আগস্ট ২০১৯ |
| | | | [১.১.৪] ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট দাখিল | তারিখ | ০.৫ | ১২ জানুয়ারি, ২০২০ | ২০ জানুয়ারি, ২০২০ | ২৫ জানুয়ারি, ২০২০ | ৩০ জানুয়ারি, ২০২০ | ০৫ ফেব্রুয়ারি ২০২০ |
| | | [১.২] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | [১.২.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | % | ১.০ | ১০০% | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৩.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ১০০% | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | | [১.৩.২] অভিযোগ নিষ্পত্তিসংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্দ্ধতন অফিসে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ১২ | ১১ | ১০ | ০৯ | ০৬ |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | % | ১ | ৯৫% | ৯০% | ৮৫% | ৮০% | ৭০% |
| | | | [১.৪.২] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন উর্দ্ধতন অফিসে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | ২ | ১ | ০ |
| | | | [১.৪.৩] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৯ | ৩০ জানুয়ারি ২০২০ | ১৫ ফেব্রুয়ারি ২০২০ | ২৭ ফেব্রুয়ারি ২০২০ | ৩১ মার্চ ২০২০ |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | [২.১] ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [২.১.১] সকল শাখায় ই-নথি ব্যবহার | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | | [২.১.২] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৫০ |
| | | | [২.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত | % | ১ | ৭০ | ৬৫ | ৬০ | ৫০ | ৪০ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যর মান (Weight of Strategic Objective | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান ২০১৯-২০ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | | | | | | | | | |
| | | [২.২] উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | [২.২.১] ন্যুনতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ০৮ মার্চ, ২০২০ | ১৫ মার্চ ২০২০ | ৩০ মার্চ ২০২০ | ১৫ এপ্রিল ২০২০ | ৩০ এপ্রিল ২০২০ |
| | | [২.৩] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | [২.৩.১] পি আর এল আদেশ জারিকৃত | % | ১.০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৫০ |
| | | | [২.৩.২] ছুটি নগদায়ন পত্র জারিকৃত | % | ১.০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৫০ |
| | | [২.৪] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [২.৪.১] অফিসের সকল তথ্য হালনাগাদকৃত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৫০ |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [৩.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত | তারিখ | ১ | ১৪ আগষ্ট, ২০১৯ | ২৯ আগস্ট ২০১৯ | ১৫ সেপ্টেম্বর ২০১৯ | ৩০ সেপ্টেম্বর ২০১৯ | ১৫ অক্টোবর ২০১৯ |
| | | | [৩.১.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | ১ | ০ |
| | | [৩.২] স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.২.১] স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০২ ফেব্রুয়ারি, ২০২০ | ১৫ ফেব্রুয়ারি, ২০২০ | ২৭ ফেব্রুয়ারি, ২০২০ | ১৫ মার্চ ২০২০ | ৩০ মার্চ ২০২০ |
| | | | [৩.২.২] অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০২ ফেব্রুয়ারি, ২০২০ | ১৫ ফেব্রুয়ারি, ২০২০ | ২৭ ফেব্রুয়ারি, ২০২০ | ১৫ মার্চ ২০২০ | ৩০ মার্চ ২০২০ |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ব্রডসীট জবাব প্রেরিত | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | [৩.৪] ইন্টারনেট বিলসহ ইউটিলিটি বিল পরিশোধ | [৩.৪.১] বিসিসি/বিটিসিএল-এর ইন্টারনেট বিল পরিশোধিত | % | ১.০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৫০ |
| | | | [৩.৪.২] টেলিফোন বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৫০ |
| | | | [৩.৪.৩] বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৫০ |

আমি, সহকারী প্রোগ্রামার, জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কিশোরগঞ্জ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মহাপরিচালকের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সহকারী প্রোগ্রামার, জেলা কার্যালয়, কিশোরগঞ্জ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

Akhlan | ১৪.০৬.২০১৭

সহকারী প্রোগ্রামার
জেলা কার্যালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
কিশোরগঞ্জ

তারিখ

১৪/০৬/১৭

মহাপরিচালক
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

তারিখ

সংযোজনী ১

## শব্দসংক্ষেপ
## (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১ | ICT | Information and Communication Technology |
| ২ | আইসিটি | ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনলজি (ICT) |
| ৩ | APA | Annual Performance Agreement (APA) |
| ৪ | এপিএ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি |
| ৫ | আইসিটি অধিদপ্তর | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ৬ | IT | Information Technology |
| ৭. | SRDL | Shekh Rasel Digital Lab |

## সংযোজনী ২

### কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতির বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১.০ | [১.১] জেলার সরকারি দপ্তরে দক্ষতা, দ্রুত সিদ্ধান্ত ও ইলেকট্রনিক ব্যবস্থাপনা প্রবর্তনের লক্ষ্যে ই-নথি বিষয়ক প্রশিক্ষণ | [১.১.১] আয়োজিত প্রশিক্ষণে অংশগ্রহণকারী জেলা ও উপজেলার বিভিন্ন দপ্তর/সংস্থার কর্মকর্তা/ কর্মচারীগণ | স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে জেলা ও উপজেলা পর্যায়ের সরকারী অফিসের কর্মকর্তা/ কর্মচারীদের ই-নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে অফিসের সেবাসমূহ প্রদানে দ্রুত সিদ্ধান্ত গ্রহণ ও রেকর্ড পত্রাদির ইলেকট্রনিক ব্যবস্থাপনায় দক্ষতা বৃদ্ধি | আইসিটি অধিদপ্তর<br>জেলা কার্যালয়, কিশোরগঞ্জ<br>ও<br>আইসিটি অধিদপ্তর, ঢাকা | অংশগ্রহণকারীদের সংখ্যা; জেলা কার্যালয়, কিশোরগঞ্জ এর বার্ষিক প্রতিবেদন | অধিদপ্তর কর্তৃক অর্থবছরের শুরুতেই প্রয়োজনীয় বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে |
| | [১.২] জেলার সরকারি দপ্তরের কর্মকর্তাদের / কর্মচারীদের ওয়েব পোর্টাল সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান | [১.২.১] আয়োজিত প্রশিক্ষণে অংশগ্রহণকারী জেলা ও উপজেলার বিভিন্ন দপ্তর/সংস্থার কর্মকর্তা/ কর্মচারীগণ | দাপ্তরিক সকল তথ্যসমূহ ওয়েব পোর্টালে নিয়মিত হালনাগাদকরণের নিমিত্ত জেলা, উপজেলা, ইউনিয়ন পর্যায়ের সকল কর্মকর্তা/কর্মচারীদের ওয়েব পোর্টাল বিষয়ক প্রদান | আইসিটি অধিদপ্তর<br>জেলা কার্যালয়, কিশোরগঞ্জ<br>ও<br>আইসিটি অধিদপ্তর, ঢাকা | অংশগ্রহণকারীদের সংখ্যা; জেলা কার্যালয়, কিশোরগঞ্জ এর বার্ষিক প্রতিবেদন | অধিদপ্তর কর্তৃক অর্থবছরের শুরুতেই প্রয়োজনীয় বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে |
| | [১.৩] জেলার সরকারি বিভিন্ন দপ্তরে আইসিটি বিষয়ক পরামর্শ প্রদান | [১.৩.১] জেলা ও উপজেলা কার্যালয়সমূহ হতে প্রদানকৃত সেবার সংখ্যা | জেলার বিভিন্ন সরকারি দপ্তরে আইসিটি বিষয়ক পরামর্শ প্রদান | আইসিটি অধিদপ্তর<br>জেলা কার্যালয়, কিশোরগঞ্জ | সেবাগ্রহীতাদের প্রদানকৃত সেবার সংখ্যা, জেলা কার্যালয়, কিশোরগঞ্জ এর বার্ষিক প্রতিবেদন | - |
| | [১.৪] শেখ রাসেল ডিজিটাল ল্যাব/অন্যান্য ডিজিটাল ই-সার্ভিস কার্যক্রম পরিদর্শন | [১.৪.১] শেখ রাসেল ডিজিটাল ল্যাব/অন্যান্য ডিজিটাল ই-সার্ভিস সেন্টার পরিদর্শনের সংখ্যা | শেখ রাসেল ডিজিটাল ল্যাব, ইউনিয়ন/পৌর/উপজেলা ডিজিটাল সেন্টার পরিদর্শনের সংখ্যা | আইসিটি অধিদপ্তর<br>জেলা কার্যালয়, কিশোরগঞ্জ | পরিদর্শন সংখ্যা, জেলা কার্যালয়, কিশোরগঞ্জ এর বার্ষিক প্রতিবেদন | - |
| | [১.৫] জেলা ও উপজেলায় অনুষ্ঠিতব্য ভিডিও কনফারেন্স কারিগরি সহায়তা প্রদান | [১.৫.১] জেলায় অনুষ্ঠিতব্য ভিডিও কনফারেন্সের সংখ্যা | মাননীয় প্রধানমন্ত্রী সহ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/ বিভাগীয় কার্যালয়, ঢাকা সাথে জেলা প্রশাসন, কিশোরগঞ্জ এর অনুষ্ঠিতব্য ভিডিও কনফারেন্সে কারিগরি সহায়তা প্রদান | আইসিটি অধিদপ্তর<br>জেলা কার্যালয়, কিশোরগঞ্জ<br>ও<br>জেলা প্রশাসন, কিশোরগঞ্জ | অনুষ্ঠিতব্য ভিডিও কনফারেন্সের সংখ্যা, জেলা কার্যালয়,কিশোরগঞ্জ এর বার্ষিক প্রতিবেদন | - |
| | [১.৬] উপজেলা কার্যালয় পরিদর্শন | [১.৬.১] উপজেলা কার্যালয় পরিদর্শনের সংখ্যা | জেলা কার্যালয়, কিশোরগঞ্জ এর প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইটেনেন্স ইঞ্জিনিয়ার কর্তৃক উপজেলা কার্যালয় পরিদর্শনের সংখ্যা | আইসিটি অধিদপ্তর<br>জেলা কার্যালয়, কিশোরগঞ্জ | প্রতিদর্শনকৃত প্রতিবেদন, সংখ্যা, জেলা কার্যালয়, কিশোরগঞ্জ এর বার্ষিক প্রতিবেদন | - |

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ২.০ | [২.১] জনসাধারণকে আইসিটি ব্যবহারে সচেতন করার লক্ষ্যে জেলায় সভা/ সেমিনার/ ওয়ার্কশপ আয়োজন | [২.১.১] আয়োজিত সভা/সেমিনার /ওয়ার্কশপ সংখ্যা | আইসিটি ব্যবহারে সচেতন করার লক্ষ্যে জেলা/উপজেলা পর্যায়ের সরকারি কর্মকর্তা/কর্মচারী, শেখ রাসেল ডিজিটাল ল্যাবের শিক্ষার্থীদের অংশগ্রহণে সেমিনার/ ওয়ার্কশপ আয়োজন। | আইসিটি অধিদপ্তর জেলা কার্যালয়, কিশোরগঞ্জ ও আইসিটি অধিদপ্তর, ঢাকা | রিপোর্ট, সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা, জেলা কার্যালয় এর বার্ষিক প্রতিবেদন | অধিদপ্তর কর্তৃক অর্থবছরের শুরুতেই প্রয়োজনীয় বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে |
| | [২.২] ডিজিটাল বাংলাদেশ দিবস উদ্‌যাপন | [২.২.১] নির্ধারিত তারিখে দিবস উদ্‌যাপন | জেলা ও উপজেলা পর্যায়ে ডিজিটাল বাংলাদেশ দিবস উদ্‌যাপন | আইসিটি অধিদপ্তর জেলা কার্যালয়, কিশোরগঞ্জ ও আইসিটি অধিদপ্তর, ঢাকা | দিবস উদ্‌যাপনের তারিখ, জেলা কার্যালয় এর বার্ষিক প্রতিবেদন | অধিদপ্তর কর্তৃক অর্থবছরের শুরুতেই প্রয়োজনীয় বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে |
| | [২.৩] উন্নয়ন মেলা আয়োজন | [২.৩.১] নির্ধারিত তারিখে উন্নয়ন মেলা আয়োজন | দেশের আইসিটি সেক্টরে উল্লেখযোগ্য সফলতা সর্বস্তরে প্রচার/প্রকাশ ও সচেতনতা সৃষ্টি করণে জেলায় ও উপজেলায় উন্নয়ন মেলা আয়োজন করা | আইসিটি অধিদপ্তর জেলা কার্যালয়, কিশোরগঞ্জ ও আইসিটি অধিদপ্তর, ঢাকা | মেলা আয়োজনের তারিখ, জেলা কার্যালয় এর বার্ষিক প্রতিবেদন | অধিদপ্তর কর্তৃক অর্থবছরের শুরুতেই প্রয়োজনীয় বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে |
| | [২.৪] শেখ রাসেল ডিজিটাল ল্যাব ব্যবহারে শিক্ষক/ ছাত্রদেরকে উদ্বুদ্ধকরণ বিষয়ক সভা/সেমিনার | [২.৪.১] আয়োজিত সেমিনার/ ওয়ার্কশপ সংখ্যা | জেলায় ল্যাব ব্যবহারের উপর সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত কার্যক্রম গ্রহণ | আইসিটি অধিদপ্তর জেলা কার্যালয়, কিশোরগঞ্জ ও আইসিটি অধিদপ্তর, ঢাকা | রিপোর্ট, সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা, জেলা কার্যালয় এর বার্ষিক প্রতিবেদন | অধিদপ্তর কর্তৃক অর্থবছরের শুরুতেই প্রয়োজনীয় বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে |
| ৩.০ | [৩.১] শেখ রাসেল ডিজিটাল ল্যাবে ICT বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | [৩.১.১] অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীর সংখ্যা | শেখ রাসেল ডিজিটাল ল্যাবে বিদ্যালয়ের শিক্ষার্থীদের পাশাপাশি এলাকার বেকার তরুণ-তরণীদের ICT বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন | আইসিটি অধিদপ্তর জেলা কার্যালয়, কিশোরগঞ্জ | প্রশিক্ষণার্থীর সংখ্যা, জেলা কার্যালয়, কিশোরগঞ্জ এর বার্ষিক প্রতিবেদন | - |
| | [৩.২] বেকার তরুণ-তরুণীদের ফ্রিন্যান্সিং প্রশিক্ষণ | [৩.২.১]অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীর সংখ্যা | কর্মসংস্থানে সৃষ্টিতে এলাকার বেকার তরুণ-তরণীদের ফ্রিল্যান্সিং বিষয়ক (গ্রাফিক ডিজাইন, ওয়েব ডিজাইন ও ডিজিটাল মার্কেটিং) প্রশিক্ষণ প্রদান | আইসিটি অধিদপ্তর জেলা কার্যালয়, কিশোরগঞ্জ ও আইসিটি অধিদপ্তর, ঢাকা | প্রশিক্ষণার্থীর সংখ্যা, জেলা কার্যালয়, কিশোরগঞ্জ এর বার্ষিক প্রতিবেদন | অধিদপ্তর কর্তৃক অর্থবছরের শুরুতেই প্রয়োজনীয় বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে |